রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, সেপ্টেম্বর ২৩, ২০০৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**বহিরাগমন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ আশ্বিন ১৪১৫ বঙ্গাব্দ/২৩ সেপ্টেম্বর ২০০৮ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ২৭০-আইন/২০০৮।**—Bangladesh Citizenship (Temporary Provisions) Order, 1972 (P. O No-149 of 1972) এর section 2B এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার যে সকল বাংলাদেশী উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব প্রাপ্ত হইয়াছেন তাঁহাদের বাংলাদেশী নাগরিকত্ব প্রদান বা বহাল থাকিবার বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারী করিল, যথা ঃ—

(ক) বাংলাদেশে বলবৎ আইন অনুযায়ী কোন বাংলাদেশের নাগরিক উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণ করিলেও সে দেশের নাগরিকত্ব প্রাপ্তির জন্য পঠিতব্য শপথ বাক্যে যদি নিজ দেশের (বাংলাদেশের) আনুগত্য প্রত্যাহারের শপথ না থাকে, তাহা হইলে তাঁহার বাংলাদেশের নাগরিকত্ব বহাল থাকিবে;

(খ) উক্তরূপ পরিস্থিতিতে উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিককে বাংলাদেশ সরকারের নিকট হইতে দ্বৈত নাগরিকত্ব গ্রহণের প্রয়োজন হইবে না;

(গ) উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণকারী সকল বাংলাদেশী ইচ্ছা করিলে তাহাদের বাংলাদেশী পাসপোর্ট সংরক্ষণ ও ব্যবহার করিতে পারিবেন;



**মূল্য ঃ** টাকা ২.০০

(ঘ) তাঁহাদের পাসপোর্টের মেয়াদ উত্তীর্ণ হইয়া গেলে তাহা যথারীতি নবায়ন করিতে হইবে;

(ঙ) ইতিপূর্বে যাহারা উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণ করিয়াছেন তাহাদের নামেও পুনরায় বাংলাদেশী পাসপোর্ট প্রদান করা যাইবে।

২। ইহা কেবল উত্তর আমেরিকা (যুক্তরাষ্ট্র ও কানাডা) এবং ইউরোপের বিভিন্ন দেশের নাগরিকত্ব গ্রহণকারী বাংলাদেশের নাগরিকদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৩। এই আদেশ জনস্বার্থে জারী করা হইলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দা নওয়ারা জাহান**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখ্‌তার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।